

(প্রেস বিজ্ঞপ্তি)

২৯ মার্চ ২০২২

মহানগর শ্রমিকলীগের স্বাধীনতা দিবস উপলক্ষে আয়োজিত সভায় মেয়র শ্রমিক সমাজকে মূল্যায়ন করা গেলেই অর্থনৈতিক মুক্তি সম্ভব

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র এম রেজাউল করিম চৌধুরী বলেছেন, উন্নয়নের প্রধান কারিগর হচ্ছে শ্রমিক সমাজ। শ্রমিকদের শ্রমের মূল্যায়ন করা গেলেই প্রকৃত অর্থে অর্থনৈতিক মুক্তি পাওয়া সম্ভব। আমাদের স্বাধীনতা সংগ্রাম এবং মুক্তিযুদ্ধে শ্রমিক, কৃষক ও ছাত্র সমাজের ভূমিকা ছিল অগ্রগণ্য। মহান মুক্তিযুদ্ধে যারা শহীদ হয়েছেন তাদের মধ্যে শ্রমিক, কৃষক, ছাত্র সমাজের সংখ্যাই বেশি। তাই আমাদের স্বাধীনতা ও মুক্তিযুদ্ধে চেতনা অক্ষুণ্ন রাখতে হলে শ্রমিকদের মূল্যায়ন করতে হবে। এই মূল্যায়নের মধ্য দিয়ে আগামীতে অর্থনৈতিক স্বাধীনতা অর্জন করা সম্ভব হবে। গতকাল সোমবার সন্ধ্যায় থিয়েটার ইনস্টিটিউট হলে মহান স্বাধীনতা দিবস উপলক্ষে জাতীয় শ্রমিক লীগ চট্টগ্রাম মহানগর শাখা আয়োজিত সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

মহানগর শ্রমিকলীগের সভাপতি বখতেয়ার উদ্দিন খানের সভাপতিত্বে ও আকতার উদ্দিনের সঞ্চালনায় এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহানগর আওয়ামীলীগের সহ-সভাপতি এডভোকেট ইব্রাহীম হোসেন চৌধুরী বাবুল, সম্পাদক মন্ডলীর সদস্য শফিক আদদান, চন্দন ধর। প্রধান বক্তা ছিলেন মোঃ সহিদ ডাকুয়াসহ সিবিএ, নন সিবিএ ও ওয়ার্ড শ্রমিক লীগের নেতৃবৃন্দ।

মেয়র আরো বলেন, বাংলাদেশ আজ বিশ্বের কাছে উন্নয়নের রোল মডেল হওয়ার যোগ্যতা অর্জন করেছে। এই অর্জনের পেছনে পোশাক তৈরি প্রতিষ্ঠান ও বিদেশে কর্মরত শ্রমিকদের অবদানের ফসল। এই অবদানের কারণে আমাদের ব্যাংকে বিদেশী মুদ্রার রিজার্ভ ভান্ডার মজবুত হয়েছে। এই ধারাবাহিকতা ধরে রাখতে শ্রমিক সমাজকে নানাভাবে প্রণোদনা দিতে হবে এবং উৎসাহ প্রদানের ব্যবস্থা করতে হবে। তিনি বলেন, আমাদের মুক্তিযুদ্ধ কারো হুইসেলের মাধ্যমে শুরু হয়েছে এমন বক্তব্য দিয়ে যারা জাতির কাছে মিথ্যাচার করছেন, তারা একটি চিহ্নিত সম্প্রদায়। তারা বঙ্গবন্ধুর পক্ষে প্রথম মুক্তিযুদ্ধের ঘোষণা পাঠকারী মরহুম নেতা এম.এ হান্নানকে পর্যন্ত অস্বীকার করছেন। তৎকালীন চট্টগ্রাম জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম.এ হান্নান ছিলেন একজন শ্রমিক নেতা। বন্দর শ্রমিক লীগকে তার নেতৃত্বে আলাদা স্বত্বা নিয়ে প্রতিষ্ঠা করা হয়েছিলো। এই বন্দর শ্রমিকেরাই ৭১'র ২৪মার্চ বাঙালিদের দমন করার জন্য পাকিস্তানী অস্ত্রবোঝাইকারী সোয়াত জাহাজ বন্দরে অস্ত্র খালাস করার প্রক্রিয়াকে প্রতিরোধ করেছিলো। যা আজ ইতিহাসের একটি অংশ। এই সংগঠন বঙ্গবন্ধুর আদর্শ নিয়ে বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে এগিয়ে আসবে বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

চসিক ভ্রাম্যমাণ আদালত পরিচালিত
অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে লাচ্ছা সেমাই প্রস্তুত করায়
বাকলিয়াস্থ আমান ফুড এন্ড কোং কে ৩ লক্ষ টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলীর নেতৃত্বে অস্বাস্থ্যকর, নোংরা ও দুর্গন্ধময় পরিবেশে “পুষ্টি লাচ্ছা সেমাই” প্রস্তুত করার অপরাধে বাকলিয়াস্থ আমান ফুড এন্ড কোং কে ৩লক্ষ টাকা জরিমানা করা হয়। একই অভিযানে নগরীর দেওয়ানহাট এলাকায় গাড়ী থেকে রাস্তায় কনক্রীট মিক্সার পরে জমাট বেঁধে যান চলাচলে বিঘ্ন ঘটায় এবং দুর্ঘটনার সম্ভাবনা পরিলক্ষিত হওয়ায় এম.জামাল এন্ড কোং লিমিটেডকে ২০হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩